



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪



জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.৪৪০

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: সকল পারমিটের মেয়াদ বৃদ্ধি, এবং রপ্তানি পারমিট (ইপি) সংক্রান্ত ৪ টি সেবা **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তর হতে প্রদত্ত সেবাসমূহ অনলাইনে প্রদানের লক্ষ্যে বিগত ০১ জুলাই ২০১৯ তারিখ হতে **Online Licensing Module (OLM)** চালু করা হয়েছে। OLM এর মাধ্যমে অত্র অধিদপ্তরের মোট ২৮ টি সেবা বর্তমানে অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

২। সেবা সহজিকরণের অংশ হিসেবে বর্তমানে আরো ৫ টি সেবা যথাক্রমে ১) সকল ধরনের পারমিটের মেয়াদ বৃদ্ধি ২) রপ্তানি পারমিট(লাইভ এ্যানিমেলের ক্ষেত্রে) ৩) রপ্তানি পারমিট(দেশিয় ঔষধের নমুনার ক্ষেত্রে) ৪) রপ্তানি পারমিট(খালি কন্টেইনার/সিলিন্ডার এর ক্ষেত্রে) ৫) রপ্তানি পারমিট(ব্যক্তিগত ব্যবহৃত পন্যের ক্ষেত্রে) **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায় সকল প্রকার পারমিটের মেয়াদ বৃদ্ধি, রপ্তানি পারমিট(লাইভ এ্যানিমেলের ক্ষেত্রে), রপ্তানি পারমিট(দেশিয় ঔষধের নমুনার ক্ষেত্রে), রপ্তানি পারমিট(খালি কন্টেইনার/সিলিন্ডার এর ক্ষেত্রে) এবং রপ্তানি পারমিট(ব্যক্তিগত ব্যবহৃত পন্যের ক্ষেত্রে) সংক্রান্ত সেবাসমূহ আগামী ৩ অক্টোবর ২০২১ তারিখ হতে অনলাইন সেবা প্রদান পদ্ধতি **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে প্রদান করা হবে। উক্ত তারিখ হতে উল্লিখিত সেবাসমূহ আর ই-নথি বা ম্যানুয়াল পদ্ধতিতে প্রদান করা হবে না।

৪। বর্ণিত অবস্থায়, আগামী ৩ অক্টোবর ২০২১ খ্রিঃ হতে সংশ্লিষ্ট সকল সেবা গ্রহীতাকে আইপি ও ইপি সংক্রান্ত উল্লিখিত ৫ টি সেবা গ্রহণের জন্য **OLM** এর ওয়েবসাইট (www.olm.ccie.gov.bd) ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং অনুমোদনের পরে সেবা গ্রাহকের **OLM** আইডিতে স্বয়ংক্রিয়ভাবে পারমিট পাওয়া যাবে।

৫। উল্লেখ্য, **OLM** এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে কোনরূপ তথ্য সরবরাহের প্রয়োজন হলে এ অধিদপ্তরের ওয়েবসাইটে (www.ccie.gov.bd) প্রকাশিত 'সিটিজেন চার্টার' এর সহায়তায় কিংবা হেল্প ডেস্ক (টেলিফোন নম্বর:

০২-৪১০৫০৫৫২) এর মাধ্যমে সহায়তা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩-১০-২০২১

মাসুদুল মান্নান

নিয়ন্ত্রক

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ৩) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক (সকল),
- ৬) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/রাজশাহী
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ১০) মাস্টার ফাইল, শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।